

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর
যুব ভবন
১০৮ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
www.dyd.gov.bd

নং-৩৪.০১.০০০০.০০৭.২৭.০২৬.২০১৬-

তারিখঃ-----খ্রিঃ

আদেশ

যেহেতু, জনাব মোঃ গোলাম ফারুক, ক্রেডিট সুপারভাইজার, যুব উন্নয়ন অধিদপ্তর, শার্শা, যশোর কর্তৃক একই জেলাধীন ঝিকরগাছা, যশোর-এ কর্মকালীন (১৩-১০-২০১১ হতে ০৩-৭-২০১২ খ্রিঃ পর্যন্ত) তার নিশ্চয়তায় ৪ জন আত্মীয়-কে (ঋণ নং ৮৭০ জনাব কামরুল ইসলাম, ঋণী নং ১০৮৮ জনাব ইউনুস আলী, ঋণী নং ১১৭১ জনাব ফিরোজা পারভীন, ঋণী নং ১১৯৯ জনাব আলী একরাম) ১,৫০,০০০/-টাকা যুব ঋণ প্রদান। উক্ত ঋণের ১,১৫,১৮০/- টাকা দীর্ঘদিন ধরে খেলাপী থাকা, ঋণের আদায়কৃত ২৫,৭৪৩/-টাকা আত্মসাতের অভিপ্রায়ে হস্তমজুদ রাখা এবং ক্ষুদ্রঋণ কার্য-নির্দেশিকার শর্ত ভংগ করে ৫ দফায় ঋণ বিতরণ করার অভিযোগে অধিদপ্তরের ২১-৬-২০১৬ খ্রিঃ তারিখের ১৭৩ সংখ্যক স্মারকে সরকারী কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫-এর ৩(বি) বিধি মোতাবেক অসদাচরণের অভিযোগে তার বিরুদ্ধে বিভাগীয় মামলা চালু করা হয়;

যেহেতু, তিনি বিভাগীয় মামলায় লিখিতভাবে জবাব দাখিল করেন। তার আবেদনের প্রেক্ষিতে গত ০৪-৮-২০১৬ খ্রিঃ তারিখে ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়। ব্যক্তিগত শুনানীকালে তিনি লিখিত বক্তব্যের পুনরাবৃত্তি করেন। ব্যক্তিগত শুনানীতে প্রদত্ত বক্তব্যের প্রেক্ষিতে আনীত অভিযোগের বিষয়ে বিভাগীয় তদন্তের প্রয়োজন অনুভূত হওয়ায় বিভাগীয় তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্ত কর্মকর্তা তদন্তপূর্বক প্রতিবেদন দাখিল করেন। প্রাপ্ত তদন্ত প্রতিবেদনে তার বিরুদ্ধে আনীত অভিযোগ আংশিক প্রমাণিত মর্মে উল্লেখ করা হয়। সবশেষে তিনি অনিচ্ছাকৃত ভুলের জন্য ক্ষমা চান এবং বিভাগীয় মামলা হতে অব্যাহতি চান;

যেহেতু, নথিপত্র এবং তদন্ত প্রতিবেদন পর্যালোচনায় দফা অতিক্রম এবং হস্তমজুদের বিষয়টি প্রমাণিত; তবে ইতোমধ্যে দফা অতিক্রান্ত ঋণের এবং হস্তমজুদের টাকা ব্যাংক হিসাবে জমা দেয়ায় অভিযুক্ত কর্মচারীকে লঘুদণ্ড দেয়ার সিদ্ধান্ত নেয়া হয়েছে;

সেহেতু, এক্ষণে অভিযুক্ত কর্মচারী জনাব মোঃ গোলাম ফারুক, ক্রেডিট সুপারভাইজার, শার্শা, যশোর-কে সরকারী কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩(বি) মোতাবেক অসদাচরণের অভিযোগে দোষী সাব্যস্ত করা হলো এবং একই বিধিমালার বিধি ৪(২) (বি) মোতাবেক একটি বার্ষিক বর্ধিত বেতন পরবর্তী ২ (দুই) বছরের জন্য (অক্রমবধিধূ) স্থগিত দণ্ডে দণ্ডিত করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

স্বাক্ষরিত/-

(আনোয়ারুল করিম)
মহাপরিচালক
ফোন-৯৫৫৯৩৮৯।

তারিখঃ ১৭-১১-২০১৬ খ্রিঃ।

নং-৩৪.০১.০০০০.০০৭.২৭.০২৬.২০১৬-৩০১

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে প্রেরিত হলো :

- ০১। পরিচালক (দাঃ বিঃ ও ঋণ) যুব উন্নয়ন অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০২। উপ-পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, যশোর।
- ০৩। কম্পিউটার প্রোগ্রামার, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা-কে আদেশের কপিটি ওয়েব সাইটে প্রকাশের ব্যবস্থা নিতে অনুরোধ করা হলো।
- ০৪। সহকারী পরিচালক (প্রশাসন) যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা-কে সংশ্লিষ্ট কর্মচারীর ব্যক্তিগত নথিতে কপিটি সংরক্ষণে অনুরোধ করা হলো।
- ০৫। উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, শার্শা, যশোর।
- ০৬। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, যুব উন্নয়ন অধিদপ্তর, শার্শা/ ঝিকরগাছা, যশোর।
- ০৭। জনাব মোঃ গোলাম ফারুক, ক্রেডিট সুপারভাইজার, যুব উন্নয়ন অধিদপ্তর, শার্শা, যশোর।
- ০৮। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।

(মোঃ আতাউর রহমান)
সহকারী পরিচালক (শৃংখলা)
যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।